গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুহম্মদ ইব্‌রাহিম<br>সচিব ও সভাপতি, নৈতিকতা কমিটি, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ২৩ নভেম্বর ২০২২ খ্রি, বুধবার, সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান/মাধ্যম | : | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম। |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে শুদ্ধাচার নিশ্চিতকরণ এবং দুর্নীতি দমনের নৈতিকতা কমিটির ভূমিকা অপরিহার্য। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে আজ নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনসহ সভাটি পরিচালনা করার জন্য এ বিভাগের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম-কে আহ্বান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোহাম্মদ শামছুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি চলতি ২০২২-২৩ অর্থ বছরের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধন/সংযোজন/বিয়োজনের প্রস্তাব থাকলে তা জানানোর জন্য সংযুক্ত সকলকে অনুরোধ জানান। কোন সংশোধনী/সংযোজনী প্রস্তাব না থাকায় সভাপতির অনুমতিক্রমে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য সভায় সংযুক্ত দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

৩. নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভায় গৃহিত ২নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব লস্কর তাজুল ইসলাম জানান, খুলনা সিটি কর্পোরেশনে ৩১টি ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদান কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে এটুআই-এর সাথে আলোচনা হয়েছে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর মাধ্যমে ক্লাউড সার্ভার ক্রয়ের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় প্রায় ৭২,০০০ (বাহাত্তর হাজার) হোল্ডিং রয়েছে যার মধ্যে ২০,০০০ (বিশ হাজার) হোল্ডিং অনলাইন সিস্টেমে আপলোড সম্পন্ন হয়েছে। আগামী মার্চ-এপ্রিল, ২০২৩ এর মধ্যে এই কাজ পুরোপুরি সম্পন্ন করে ৩১টি ওয়ার্ডের সকল হোল্ডিং ট্যাক্স অনলাইনে আদায় করা সম্ভব হবে মর্মে তিনি জানান। এ বিষয়ে রংপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রুহুল আমিন মিয়া জানান, রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের মধ্যে পুরাতন ওয়ার্ড ১৫টি ওয়ার্ডে হোল্ডিং ট্যাক্স আদায় করা হচ্ছে। এর মধ্যে ১১টি ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স আদায় চালু করা হয়েছে এবং এই ওয়ার্ডগুলোতে অবহিতকরণ সভা হয়েছে। নতুনভাবে গঠিত অবশিষ্ট ১৮টি ওয়ার্ডে হোল্ডিং ট্যাক্স ধার্য করার কাজ চলমান রয়েছে।

৪. সভায় গৃহিত ৩নং সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে উপসচিব (সিটি কর্পোরেশন-১) জানান, সকল সিটি কর্পোরেশন পৌরসভা এবং ইউনিয়ন পরিষদে অভিন্ন ট্রেড লাইসেন্স আবেদনপত্র, ট্রেড লাইসেন্স ফরমেট এবং আবেদন মঞ্জুরের চেকলিস্ট প্রস্তুত করার লক্ষ্যে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)-এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির মাধ্যমে অভিন্ন ট্রেড লাইসেন্স আবেদনপত্র, ট্রেড লাইসেন্স ফরমেট এবং আবেদন মঞ্জুরের চেকলিস্ট প্রস্তুত করা হয়েছে। খুব শীঘ্রই সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও স্টেকহোল্ডারদের অংশগ্রহণে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে তা চূড়ান্ত করা হবে।

৫.	সভায় গৃহিত ৪নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক ড. মলয় চৌধুরী বলেন, প্রকল্প সমাপ্ত হলে প্রকল্প পরিচালকগণের নিকট হতে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) পাওয়া যায়। কোন প্রকল্প বর্ধিত করার সুযোগ থাকলে বা একই ধরণের নতুন প্রকল্পে পূর্বের প্রকল্পের যানবাহন বা সরঞ্জামাদি ব্যবহারের প্রয়োজন হলে প্রকল্প কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে এবিভাগের মহাপরিচালক (পমূপ) ডাঃ মোঃ সারোয়ার বারী বলেন, LGSP প্রকল্পের গাড়িগুলো জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের অনুমোদনক্রমে টিওএন্ডইভুক্ত করা হয়েছে। এই গাড়িগুলো Redistribution এর কার্যক্রম চলমান রয়েছে।

৬.	এ পর্যায়ে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, বর্তমানে যেহেতু গাড়ি কেনা যাচ্ছে না, সে জন্য এই পদ্ধতিতে গাড়িগুলো Redistribution করাই সমীচীন। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) দাখিলের বিষয়ে সভাপতি বলেন, প্রকল্প শেষ হওয়ার পর PCR দাখিল করা গুরুত্বপূর্ণ কাজ। কিন্তু সম্প্রতি দেখা গিয়েছে প্রকল্প শেষ হওয়ার দীর্ঘদিন পর PCR দাখিল করা হচ্ছে। এক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে দেরিতে প্রেরণ করা হচ্ছে, নাকি উপস্থাপনে বিলম্ব হচ্ছে তা জানা প্রয়োজন।

৭.	মহাপরিচালক (পমূপ) বলেন অধিকাংশ ক্ষেত্রে অধিদপ্তর বা দপ্তর/সংস্থা হতে PCR প্রতিবেদন বিলম্বে পাওয়া যায়। প্রতিবেদনে অডিট এবং সম্পদের অংশগুলো যথাযথভাবে উপস্থাপন করা হয় না। তিনি PCR প্রতিবেদনে এই বিষয়গুলো যথাযথভাবে অন্তর্ভুক্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণের দৃষ্টি আকর্ষণ করেন।

৮.	এ পর্যায়ে সভাপতি PCR যথাযথভাবে দ্রুততম সময়ের মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিতকরণে অধিদপ্তর ও দপ্তর/সংস্থার প্রধানগণকে অধিকতর খেয়াল রাখার জন্য অনুরোধ জানান। PCR প্রাপ্তির পর মন্ত্রণালয় হতে ০৬(ছয়) মাসের মধ্যে সেগুলো নিষ্পত্তি করে আইএমইডিসহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন।

৯.	সভায় গৃহিত ৭নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে অতিরিক্ত সচিব (পানি সরবরাহ) জনাব মোঃ খাইরুল ইসলাম বলেন, সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে ঢাকা ওয়াসা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ঢাকা ওয়াসা হতে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা মর্মে জনাব উত্তম কুমার রায়, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ওয়াসা জানান।

১০.	সভায় গৃহিত ৮নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, দপ্তর/সংস্থা অডিট আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ইতোমধ্যে ০২টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। এর মাধ্যমে দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন অবস্থায় থাকা এলজিএসপি প্রকল্প সংশ্লিষ্ট ০৮টি অডিট আপত্তি নিষ্পন্ন করা সম্ভব হয়েছে। ঢাকা ওয়াসার ১১টি অডিট আপত্তির বিষয়েও সভায় আলোচনা হয়েছে এবং খুব শীঘ্রই এগুলোও নিষ্পত্তি করা হবে। এছাড়া এলজিইডিসহ তিনটি সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভার সময় নির্ধারণ করা হয়েছে। সকল দপ্তর/সংস্থাসমূহকে দ্রুত ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে তাদের অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

১১.	সভাপতি অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের জন্য প্রশাসন অনুবিভাগ ও দপ্তর/সংস্থার প্রধানগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ভবিষ্যতে জটিলতা এড়ানোর লক্ষ্যে সকল অডিট আপত্তি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তিনি দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ জানান। পরে তিনি বলেন, প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা নির্ধারণে MIS System জোরালো ভূমিকা পালন করে। প্রকল্প বাস্তবায়নের হালনাগাদ তথ্য MIS System-এ আপলোড না হওয়া পর্যন্ত ঐ প্রকল্পের PSC সভা করা হবে না। তিনি প্রকল্পের তথ্য নিয়মিত MIS System-এ আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন এবং এ বিষয়ে কোন সমস্যা বা প্রতিবন্ধকতা থাকলে সভায় তা উপস্থাপনের জন্য আহ্বান জানান।

১২.	এ পর্যায়ে মহাপরিচালক (পমূপ) বলেন, এ বিভাগের MIS System টি আপডেট করা হয়েছে। এই সিস্টেমে দপ্তর/সংস্থার পাশাপাশি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চলমান প্রকল্পের তথ্যও আপলোড করা যেতে পারে। প্রকল্প পরিচালকগণ যেন তাদের প্রকল্পের হালনাগাদ তথ্য/প্রতিবেদন নিয়মিত এই সিস্টেমে আপলোড করেন সে বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

১৩.	খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক বলেন, তাদেরকে ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ না করায় তারা সরাসরি MIS System-এ প্রকল্পের তথ্য আপলোড করতে পারছেন না। এই সিস্টেমে প্রকল্পের তথ্য ও প্রতিবেদন সরাসরি আপলোড করার সুবিধার্থে তাদেরকে MIS System-এর ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করার জন্য তিনি অনুরোধ জানান।

১৪.	এ পর্যায়ে সভাপতি বলেন, প্রকল্পের তথ্য ও প্রতিবেদন MIS System-এ নিয়মিত আপলোড করার লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অনুকূলে ইউজার আইডি ও পাসওয়ার্ড থাকা প্রয়োজন। তিনি খুলনা ওয়াসাসহ সকল দপ্তর/সংস্থাকে MIS System-এ Access এর জন্য তাদের অনুকূলে ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। একই সাথে তিনি এই কাজ সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ হতে একজন করে কর্মকর্তা Designate করার জন্যও নির্দেশনা দেন।

১৫.	সভায় গৃহিত ১০নং সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) সভায় জানান, পৌরসভা উন্নয়ন তহবিল নির্দেশিকা/নীতিমালা প্রণয়নের লক্ষ্যে যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) এর সভাপতিত্বে গঠিত কমিটির ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে নির্দেশিকার খসড়া প্রস্তুত হয়েছে। খসড়াটি অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর সভাপতিত্বে একটি সভায় পর্যালোচনা করে চূড়ান্ত অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হবে। পরে তিনি চলতি ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এ বিভাগের কর্মপরিকল্পনার বিষয়ে সভায় আলোকপাত করে বলেন, গত অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী PSC ও PIC সভা পুরোপুরি আয়োজন করা সম্ভব হয়নি। চলতি অর্থ বছরে PSC ও PIC সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়োজনের বিষয়টি নিশ্চিতকরণে অধিকতর মনোযোগী হওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে অনুরোধ জানান।

১৬.	এ পর্যায়ে সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী PSC ও PIC সভাসমূহ যথাসম্ভব ভার্চুয়ালি (জুম প্লাটফর্মে) আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করেন। তিনি চলতি অর্থবছরে ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথভাবে দায়িত্ব নেয়ার জন্য দপ্তর/সংস্থার প্রধানসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

১৭.	সভায় চট্টগ্রাম ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এ.কে.এম ফজলুল্লাহ এবং খুলনা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে দ্রুত এবিষয়ে ত্রিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

১৮.	সভায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং জনস্বাস্থ্য অধিদপ্তরের প্রধান প্রকৌশলী আলোচনায় অংশ নিয়ে জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে তাদের নির্ধারিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে এবং তা বাস্তবায়নে কোন সমস্যা বা প্রতিবন্ধকতা নেই।

১৯.	জনাব ওয়াহিদুর রহমান, পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ বলেন, স্থানীয় পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো যেমন জেলা পরিষদ, পৌরসভা ইত্যাদি প্রতিষ্ঠানকে জাতীয় শুদ্ধাচার কৌশলে অন্তর্ভুক্ত করা যায় কী না, এ বিষয়টি বিবেচনা করার জন্য সভায় অনুরোধ জানান।

২০.	সভাপতি এই প্রস্তাবের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং স্থানীয় পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে জাতীয় শুদ্ধাচার কৌশলে অন্তর্ভুক্ত করার প্রস্তাব পর্যালোচনা করা হবে মর্মে জানান।

২১.	সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের যুগ্মসচিব জনাব মোঃ ওসমান ভূইয়া বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কর্মপরিকল্পনা অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় হতে জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীগণকে নৈতিকতা ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

২২.	সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন) জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর প্রশিক্ষণ কর্মসূচির Course Curriculam-এ শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য এনআইএলজি'র মহাপরিচালক-এর দৃষ্টি আকর্ষণ করেন।

২৩.	জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর মহাপরিচালক জনাব সালেহ আহমদ মোজাফফর বলেন, এনআইএলজি'র Course Curriculam-এ শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। বিষয়টি গুরুত্ব সহকারে যাতে বাস্তবায়ন করা হয় সে বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।

২৪. সভাপতি সমাপনী বক্তব্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। তিনি চলতি ২০২২-২৩ অর্থ বছরের দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমগুলো যথাযথভাবে বাস্তবায়নে এ বিভাগের সকল অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থার প্রধানগণের প্রতি আহ্বান জানান।

২৫। **সভার সিদ্ধান্তসমূহ:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর পর তাতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়। | -- |
| ২। | খুলনা এবং রংপুর সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম চালু এবং এবিষয়ে অবহিতকরণ সভার আয়োজন অব্যাহত রাখতে হবে। | (১) খুলনা সিটি কর্পোরেশন<br>(২) রংপুর সিটি কর্পোরেশন |
| ৩। | প্রকল্প শেষ হওয়ার ০৩(তিন) মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এ বিভাগের পরিকল্পনা অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে এবং PCR প্রাপ্তির পর মন্ত্রণালয় হতে ০৬(ছয়) মাসের মধ্যে সেগুলো নিষ্পত্তি করে আইএমইডিসহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) দপ্তর/সংস্থার প্রধান (সকল)<br>(২) প্রকল্প পরিচালক (সকল)<br>(৩) পরিকল্পনা অধিশাখা |
| ৪। | দীর্ঘদিনের অনিষ্পন্ন অবস্থায় থাকা অডিট আপত্তিসহ দপ্তর/সংস্থার সকল অডিট আপত্তি ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (১) অডিট অধিশাখা<br>(২) দপ্তর-সংস্থার প্রধান (সকল) |
| ৫। | প্রকল্পের তথ্য ও প্রতিবেদন এমআইএস সিস্টেমে নিয়মিত আপলোড করার লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অনুকূলে ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করতে হবে। এই কাজ সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ হতে একজন করে কর্মকর্তা মনোনয়ন প্রদান করতে হবে। | (১) দপ্তর/সংস্থার প্রধান (সকল)<br>(২) মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা |
| ৬। | পিএসসি ও পিআইসি সভাসমূহ যথাসম্ভব ভার্চুয়ালি (জুম প্লাটফর্মে) আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) পরিকল্পনা অধিশাখা<br>(২) প্রশাসন অধিশাখা |

২৬। পরিশেষে, সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে যথাযথভাবে দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৪/১২/২০২২ খ্রি:
**(মুহম্মদ ইব্‌রাহিম)**
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-**১৩৯৭(১/৪০)**

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯ / ০৪ ডিসেম্বর ২০২২

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/গাজীপুর/সিলেট/ময়মনসিংহ/খুলনা/রংপুর/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

১. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫. অফিস কপি।

08.12-2022

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ইমেইল: lgcc1@lgd.gov.bd